



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু প্রশাসন শাখা)

ডিসিএম পরিপত্র নং-০৪/২০২৫

তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২৫
৩০ অগ্রহায়ণ, ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ নোট, দাবিযোগ্য নোট গ্রহণ এবং উহার বিনিময়মূল্য প্রদান/নিষ্পত্তি প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে বিগত ০৯/১০/২০২৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-০২/২০২৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। বিগত ০৯/১০/২০২৫ তারিখে বাংলাদেশ ব্যাংক নোট প্রত্যর্পণ প্রবিধান, ২০২৫ (Bangladesh Bank Note Refund Regulations, 2025) জারি করা হয় এবং Bangladesh Bank (Note Refund) Regulations- 2012 রহিত করা হয়।
- ৩। জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু নগদ লেনদেন অব্যাহত রাখার স্বার্থে আপনাদের ব্যাংক শাখা কর্তৃক বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান ও দাবিযোগ্য নোট সংক্রান্ত সেবা নিয়মিতভাবে প্রদান করতে হবে। এ ধরনের সেবা প্রদানে কোনো ব্যাংক শাখার অনীহা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৪। বাংলাদেশ ব্যাংক নোট প্রত্যর্পণ প্রবিধান, ২০২৫ এর আলোকে ও সময়োপযোগিতার নিরীখে নোটের শ্রেণিবিভাগ, বৈশিষ্ট্য ও করণীয় সম্পর্কে এ সার্কুলারে বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের পরামর্শ দেয়া হলো।
- ৫। নোটের ব্যবহার উপযোগিতা ও বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে প্রচলনে থাকা নোটসমূহকে নিম্নরূপভাবে শ্রেণিবিন্যাস করা হলো:
 - (ক) পুনঃপ্রচলনযোগ্য (Re-issuable) নোট;
 - (খ) অপ্রচলনযোগ্য (Non-issuable) নোট;
 - (গ) ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ (Mutilated) নোট;
 - (ঘ) দাবিযোগ্য (Claimable) নোট; এবং
 - (ঙ) আগুনে পোড়া (Charred) নোট।

উপরোক্ত নোটের বৈশিষ্ট্য পরিশিষ্ট 'ক'-তে বিস্তারিতভাবে বর্ণিত হলো।

- ৬। ব্যাংকের শাখায় অপ্রচলনযোগ্য (Non-issuable) ও ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ (Mutilated) নোটের সম্পূর্ণ বিনিময়মূল্য প্রদানযোগ্য। প্রযোজ্য ক্ষেত্রে, নিম্নবর্ণিত ব্যবস্থা অনুসরণ করতে হবে:
 - (ক) ব্যাংক শাখার ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকের ক্ষেত্রে ন্যূনতম ১ম শ্রেণির কর্মকর্তা এবং বেসরকারি ব্যাংকের ক্ষেত্রে পদমর্যাদার দিক থেকে উক্ত মর্যাদার সমান) নিশ্চিত হবেন যে উপস্থাপিত নোটে আসল নোট হিসেবে সন্দেহাতীতভাবে শনাক্ত হবার মতো পর্যাপ্ত নিরাপত্তা বৈশিষ্ট্য রয়েছে এবং নোটটিতে সম্পূর্ণ নোটের ৯০% এর বেশি অংশ বিদ্যমান।

চলমান পাতা/০২

৫০

(খ) উপস্থাপিত নোট দুই খণ্ডে খণ্ডিত হলে খণ্ড দুটি সন্দেহাতীতভাবে একই নোটের অংশ হতে হবে। এক্ষেত্রে, জমগ্রহণ কালে নোটের বিচ্ছিন্ন খণ্ড দুটোর উল্টো পিঠে যথাসম্ভব সরু আকারের হালকা সাদা কাগজ এমনভাবে জোড়া লাগাতে হবে যাতে আসল নোট হিসেবে শনাক্তকরণের জন্য নোটটির পরীক্ষণে অসুবিধা না হয়। দুই খণ্ডে বিচ্ছিন্ন হয়নি কিন্তু পরীক্ষণকালে নাড়াচাড়ায় বিচ্ছিন্ন হতে পারে- এমন জীর্ণ নোটেরও উল্টো পিঠে অনুরূপভাবে যথাসম্ভব সরু আকারের হালকা সাদা কাগজ লাগাতে হবে যাতে আসল নোট হিসেবে শনাক্তকরণের জন্য প্রয়োজনীয় পরীক্ষণে অসুবিধা না হয়।

৭। দাবিযোগ্য (Claimable) নোটের বিনিময়মূল্য ব্যাংক শাখায় প্রদানযোগ্য নয়। এ ধরনের নোটের বিনিময় মূল্য বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্তি সাপেক্ষে প্রদেয় হবে। মূল্য সংগ্রহের জন্য এসব নোট বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ডাক বা কুরিয়ার মাধ্যমে নোট জমাদানকারী থেকে আদায়যোগ্য হবে। দাবিযোগ্য নোট গ্রহণপূর্বক তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণে ও তার মূল্য সংগ্রহের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা অনুসরণীয় হবে:

(ক) নোটের মূল্যমান, নম্বর, জমাদানকারীর নাম ও পূর্ণ ঠিকানা সম্বলিত আবেদন পত্রের (Form L-2) সাথে ব্যাংক শাখা দাবিযোগ্য নোট গ্রহণ করবে। পরীক্ষণকালে নাড়াচাড়ায় বিচ্ছিন্ন হতে পারে এরকম নোটের উল্টো পিঠে যথাসম্ভব সরু আকারের হালকা সাদা কাগজ এমনভাবে লাগাতে হবে যাতে আসল নোট হিসেবে শনাক্তকরণের জন্য নোটটির পরীক্ষণে অসুবিধা না হয়। নোটের কোনো অংশ বিদ্যমান না থাকলে সেখানে কোনো কাগজ লাগানো যাবে না।

(খ) জমাদানকারীর আবেদনপত্র (Form L-2 এর প্রথম অংশ)সহ গৃহীত নোট শাখার ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিকটস্থ কার্যালয়ের নির্বাহী পরিচালক (কারেন্সি)/ নির্বাহী পরিচালক বরাবর বাহকের মাধ্যমে কিংবা প্রাপ্তি স্বীকার স্লিপ সম্বলিত রেজিস্ট্রি ডাক/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে।

(গ) বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক আবেদনপত্র প্রাপ্তির ০৮ (আট) সপ্তাহের মধ্যে নোটটির মূল্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে এবং মূল্য প্রদানযোগ্য হলে সংশ্লিষ্ট ব্যাংকের হিসাবে মূল্য আকলন করা হবে ও এ সংক্রান্ত এডভাইস প্রেরণ করা হবে।

(ঘ) বাংলাদেশ ব্যাংক হতে দাবিমূল্য প্রাপ্তির পর ব্যাংক শাখা কর্তৃক প্রাপ্তি স্বীকার পত্রে (Form L-2 এর দ্বিতীয় অংশ) আবেদনকারীর স্বাক্ষর গ্রহণকরতঃ দাবিমূল্য প্রদান করতে হবে।

(ঙ) আবেদনকারীকে দাবিমূল্য প্রদান করার পর প্রাপ্তি স্বীকারপত্রটি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে এবং তৃতীয় অংশটি শাখায় সংরক্ষণ করতে হবে। এছাড়া, শাখায় এ সংশ্লিষ্ট একটি স্থায়ী রেজিস্টার সংরক্ষণ (সংরক্ষণকাল:১০ বছর) করতে হবে।

৮। আগুনে োড়া (Charred) নোটের বিনিময়মূল্য ব্যাংক শাখায় প্রদানযোগ্য নয়। এক্ষেত্রে আবেদনকারীকে সরাসরি বাংলাদেশ ব্যাংকের নিকটস্থ অফিসের হেল্প ডেস্ক/দাবি শাখায় যোগাযোগ করতে হবে এবং Form L-2 পূরণ করে আবেদন করতে হবে।

৯। জালনোট উপস্থাপনকারীকে এবং একাধিক নোটের বিভিন্ন অংশ সংযোজন করে Built-up নোট উপস্থাপনকারীর বিষয়ে ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস এর ০৪/০৭/২০০৭ তারিখের পরিপত্র নং-জালনোটঃ ১(পলিসি)/২০০৭-১৯১ অনুসরণ করতে হবে।


১০। ব্যাংকের প্রত্যেক শাখায় জনসাধারণের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে 'ছেঁড়া-ফাটা/ক্রেটিপূর্ণ ও ময়লা নোট বিনিময় ও দাবিযোগ্য নোট সংক্রান্ত সেবা প্রদান করা হয়' মর্মে নোটিশ স্থাপন করতে হবে। নোটিশে উল্লেখ থাকবে যে:

- অল্প মরিচা/রং/তেল/কালিযুক্ত, ছেঁড়া/টেপযুক্ত, ছিদ্রযুক্ত ও ময়লা নোট, দুই খণ্ডে খণ্ডিত (নোটের সম্পূর্ণ অংশ বিদ্যমান) এবং নোটের ৯০% এর অধিক অংশ বিদ্যমান থাকলে সম্পূর্ণ বিনিময়মূল্য কাউন্টারের মাধ্যমে প্রদান করা যাবে।
- নোটের উপস্থিত অংশের পরিমাণ নোটের সম্পূর্ণ আয়তনের ৯০% বা তার কম, সঁাতসেঁতে, অধিক জরাজীর্ণ, অত্যধিক তেল/রং/কালি/মরিচা ইত্যাদি দ্বারা বিকৃত, দুই এর অধিক খণ্ডে খণ্ডিত ও বিকৃত নোটের বিনিময় মূল্য বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্তি সাপেক্ষে প্রদেয় হবে। মূল্য সংগ্রহের জন্য এসব নোট বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ডাক বা কুরিয়ার মাণ্ডল নোট জমাদানকারী থেকে আদায়যোগ্য হবে।
- জালনোট বা একাধিক নোটের বিভিন্ন অংশ সংযোজন করে Built-up নোট উপস্থাপনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। ব্যাংক শাখাগুলো কর্তৃক অপ্রচলনযোগ্য, ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ ও দাবিযোগ্য নোট গ্রহণের তথ্যাদি মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস থেকে পরিবীক্ষণ করতে হবে।

১২। ইতঃপূর্বে জারিকৃত ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং-ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫ রহিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


15.12.25

(কে এম ইব্রাহিম)
পরিচালক (ডিসিএম)
ফোন: ৯৫৩০০৯০

(ক) অপ্রচলনযোগ্য (Non-issuable) নোটের বৈশিষ্ট্য:

- (i) অত্যধিক ময়লাযুক্ত নোট;
- (ii) অল্প মরিচার চিরুযুক্ত নোট;
- (iii) অল্প রং লাগানো;
- (iv) অত্যধিক লেখা, একাধিক সীল, অধিক অনুস্বাক্ষর/স্বাক্ষর বা দাগযুক্ত নোট;
- (v) অল্প তেল/কালিযুক্ত নোট এবং
- (vi) সামান্য ছেঁড়া/ক্ষুদ্র ছিদ্রযুক্ত নোট

**** উল্লেখিত কারণসমূহের জন্য নোটের এক বা একাধিক নিরাপত্তা বৈশিষ্ট্য অস্পষ্ট/সামান্য ক্ষুণ্ণ হয়; কিন্তু আসল নোটের বৈশিষ্ট্য যাচাই করতে কোনো সমস্যা না হয়।**

(খ) ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ (Mutilated) নোটের বৈশিষ্ট্য:

- (i) ছেঁড়া/টেপযুক্ত নোট- নোটের সম্পূর্ণ পরিমাপ ঠিক রেখে ছেঁড়া অংশে নোটের পিছনের দিকে লাগানো সরা টেপ/সাদা কাগজযুক্ত নোট যাতে আসল নোটের বৈশিষ্ট্য যাচাই করতে কোনো সমস্যা না হয়;
- (ii) দুই খণ্ডে খণ্ডিত নোট- খণ্ডিত উভয় অংশ সন্দেহাতীতভাবে একই নোটের অংশ;
- (iii) বড় ছিদ্রযুক্ত নোট- ছিদ্রের পরিমাণ/আয়তন নোটের সম্পূর্ণ আয়তনের ১০% এর কম; এবং
- (iv) নোটের কোনো অংশ অনুপস্থিত - অনুপস্থিত নোটের অংশ/আয়তনের পরিমাপ নোটের সম্পূর্ণ আয়তনের ১০% এর কম।

(গ) দাবিযোগ্য (Claimable) নোটের বৈশিষ্ট্য:

- (i) নোটের উপস্থিত অংশের পরিমাণ নোটের সম্পূর্ণ আয়তনের ৯০% বা তার কম;
- (ii) স্যাঁতসেঁতে নোট (Damp Note) - আংশিক বা সম্পূর্ণভাবে ভেজা/স্যাঁতসেঁতে কোনো নোট যা যাচাই-বাছাইকালে সহজে ছিঁড়ে যেতে পারে এবং/অথবা আসল নোট শনাক্তকরণ বিঘ্নিত করতে পারে;
- (iii) অধিক জরাজীর্ণ নোট (নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য এতটাই অস্পষ্ট যে তা আসল নোট শনাক্তকরণে বিঘ্ন ঘটায়);
- (iv) অত্যধিক তেল/রং/কালি/মরিচা ইত্যাদি দ্বারা বিকৃত নোট যা আসল নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য শনাক্তকরণে বিঘ্ন ঘটায়;
- (v) দুই এর অধিক খণ্ডে খণ্ডিত নোট - খণ্ডিত সকল অংশ সন্দেহাতীতভাবে একই নোটের অংশ; এবং
- (vi) বিকৃত নোট (Altered Note)- নোটের নম্বর/মূল্যমান/স্বাক্ষর/গ্যারান্টি ক্লজ/চিত্র/ছবির উপর লেখা/আঁকা বা সংযোজন/বিরোজনের মাধ্যমে রদবদল/পরিবর্তন/বিকৃত করা হয়েছে, সে সকল নোট।

(ঘ) আগুনে পোড়া (Charred) নোটের বৈশিষ্ট্য:

- (i) আগুনে পোড়া বা আগুনে আঁচ লাগানো নোট।

(ঙ) পুনঃপ্রচলনযোগ্য (Re-issuable) নোটের বৈশিষ্ট্য:

উপরে বর্ণিত (অপ্রচলনযোগ্য, ছেঁড়া-ফাটা/ক্রটিপূর্ণ, দাবিযোগ্য ও আগুনে পোড়া) নোট ব্যতীত যে সকল নোট পুনরায় প্রচলনে দেওয়ার উপযোগী সে সকল নোট পুনঃপ্রচলনযোগ্য নোট হিসেবে গণ্য হবে।

(৩১১৩২)

Form L-2 (অনুচ্ছেদ ৬৯, ২২৬ ও ২৩৩)

বহি নং

(২০... ২০.....)

দাবিযোগ্য নোট/নোটসমূহের বিনিময়মূল্যের জন্য আবেদনপত্র

বরাবর

নিবাহী পরিচালক (কারেন্সি)/নিবাহী পরিচালক

বাংলাদেশ ব্যাংক

..... অফিস

.....।

মহোদয়,

আমি/আমরা কাউন্টারে উপস্থাপিত/মানি অর্ডারযোগে প্রেরিত নিম্নবর্ণিত দাবিযোগ্য নোট/নোটসমূহের বিনিময়মূল্য প্রদানের জন্য অনুরোধ করছি।

মূল্যমান	সংখ্যা	মোট মূল্য
১/-		
২/-		
৫/-		
১০/-		
২০/-		
৫০/-		
১০০/-		
২০০/-		
৫০০/-		
১০০০/-		
মোট		

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর _____

নাম _____

ঠিকানা _____

তারিখ _____

মোবাইল নং _____

ই-মেইল (যদি থাকে) _____

নং L-2 বহি নং (আই.আর নং)

দ্বিতীয় অংশ

(২০... ২০.....)

প্রাপ্তি স্বীকারপত্র

দাবিযোগ্য সর্বমোট টাকা ----- (টাকা -----

-----মাত্র) এর মধ্যে নিবাহী পরিচালক (কারেন্সি)/

নিবাহী পরিচালক মহোদয়ের নিকট হইতে টাকা ----- (টাকা -----

----- মাত্র বুঝিয়া পাইলাম।

তারিখ:

প্রাপকের স্বাক্ষর

তৃতীয় অংশ

নং L-2 বহি নং

(২০... ২০.....)

নাম-----ঠিকানা-----

-----নিকট হইতে তাঁহার/তাঁহাদের

-----তারিখের দাবি পত্রের প্রেক্ষিতে উল্লেখিত-----টি

দাবিযোগ্য নোট সর্বমোট কথিত মূল্য টাকা----- (টাকা -----

----- মাত্র) বুঝিয়া পাইলাম।

গ্রহণকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও সীল

